গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০-১২১২ তারিখ: ১৭/১০/২০২১খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন (ঢাকা মহানগর ব্যতিত) সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাই তাঁর (ঢাকা মহানগর ব্যতিত) প্রতিষ্ঠানের ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের তথ্য নিম্নলিখিত ছক অনুসারে Excel সিটে পূরণপূর্বক আগামী ২৩/১০/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ই-মেইল ঠিকানায় প্রেরণ করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ আগামী ২৫/১০/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা কর্মকর্তার ই-মেইল ঠিকানায় প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলা শিক্ষা কর্মকর্তাগণকে আগামী ২৭/১০/২০২১ তারিখের মধ্যে addshesecondary2@gmail.com ই-মেইল ঠিকানায় উক্ত Excel সিটে পূরণকৃত তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, তথ্যগুলো অবশ্যই ইংরেজিতে এবং সংযুক্ত Excel ফাইলে পূরণ করে প্রেরণ করতে হবে।

তথ্য ছক

Birth Regis. Number (17 digits)	Name	Gender (Male/Female)	EIIN	Institution Name	Date of Birth (YYYY-MM-DD)	Guardian's Mobile Number

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: তথ্য প্রেরণের Excel সিট।

১৭.১০.২১
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন-২২৩৩৫১০৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পাবত্য জেলা।

Web-Site: www.rangamatigmc.gov.bd e-mail: principalrgmc@yahoo.com

তারিখ-১৯/১০/২০২১ খ্রি.

'বিজ্ঞপ্তি'

অত্র কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির নিয়মিত সকল ছাত্রীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিপত্র অনুযায়ী যাদের বয়স ১৭ বছর তাদের কোভিড-১৯ টিকা প্রদানের লক্ষ্যে **'১৭ ডিজিটের জন্ম নিবন্ধন ফটোকপি ও সচল মোবাইল নম্বর'** উল্লেখপূর্বক কলেজ অফিসে আগামী ২১/১০/২০২১ খ্রি. তারিখে জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া গেল।

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।